ইনভেস্ট বাংলাদেশের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেলেন আশিক চৌধুরী

আশিক চৌধুরী। ছবি: সংগৃহীত

ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষের নেতৃত্বে নতুন দায়িত্ব পেয়েছেন চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন। তাকে এক বছরের জন্য সংস্থাটির চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে সরকার।

শুক্রবার (২১ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে প্রকাশিত প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

সরকারের জারি করা আদেশ অনুযায়ী, ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৩-এর ৮(৫) ধারার ক্ষমতাবলে এই নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের দিন থেকে এক বছর চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন আশিক চৌধুরী।

এ দায়িত্বে থাকাকালে তিনি অন্য কোনো পেশা বা ব্যবসার সঙ্গে যুক্ত হতে পারবেন না। পাশাপাশি সরকারি, আধা-সরকারি কিংবা বেসরকারি কোনো প্রতিষ্ঠানের সঙ্গে কর্মসম্পর্কও রাখা যাবে না।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, নিয়োগের অন্যান্য বিষয় ও শর্ত চুক্তিপত্রে নির্ধারণ করা হবে। জনস্বার্থ বিবেচনায় নিয়োগসংক্রান্ত এই আদেশ জারি করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৪৬.১১.০০১৫.২৬-৪২৭

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩৩ / ২১ আগস্ট ২০২৬

প্রজ্ঞাপন

ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬ এর ধারা-৪ এর (৫) অনুযায়ী চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন-কে অন্য যে কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠন-এর সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছর মেয়াদে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ-এর চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এই নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।
৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২১/০৮/২৬

(মো: গোলাম রব্বানী)
উপসচিব
ফোন: ২২৩৩৫৪৫৬১১
ই-মেইল: confapp@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৪৬.১১.০০১৫.২৬-৪২৭/১(৩০)

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩৩ / ২১ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (**জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩. সিনিয়র সচিব/সচিব.....;
৪. চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন;
৫. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা;
৬. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৭. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা;
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার.....;
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, ... এবং
১৫. অফিস কপি।

রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মো. গোলাম রব্বানী এতে স্বাক্ষর করেন।